



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী  
ফোন নং : ০২৪৭-৮১২৫৩২, মোবাইল নং: ০১৩০৯-১২৭০৪৩

web: [www.rmrcraj.edu.bd](http://www.rmrcraj.edu.bd)/e-mail: [mail.rmrc@gmail.com](mailto:mail.rmrc@gmail.com)



তারিখ : ২৮/১২/২০২২ খ্রি.

## ২০২৩ শিক্ষাবর্ষে সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন এর (৩য় হতে ৯ম শ্রেণিতে) ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ শিক্ষাবর্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১ (অংশ-১).৩২১৩ অনুযায়ী যে সকল শিক্ষার্থী ২০২৩ শিক্ষাবর্ষে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ৩য় হতে ৯ম শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করেছিল, কিন্তু কোন প্রতিষ্ঠান ভর্তির জন্য নির্বাচিত হয়নি। তাদেরকে নিম্নলিখিত তারিখ ও সময়সূচী মোতাবেক নিম্নে সংযুক্ত আবেদন পত্রের নমুনা কপি অনুসরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে (কম্পোজকৃত) আবেদন প্রতিষ্ঠানের মূল গেটে জমা দেয়ার জন্য বলা হলো।

### আবেদনের শর্তসমূহ :

- ০১। অত্র প্রতিষ্ঠানে পূর্ব হতে অধ্যয়নরত ০১জন সন্তান থাকতে হবে।
- ০২। যে সন্তানের জন্য আবেদন করা হবে তার ২০২৩ শিক্ষাবর্ষে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ভর্তির আবেদন পত্রটিতে paid লিখা থাকতে হবে।

### প্রয়োজনীয় কাগজপত্রের বিবরণ :

- ০১। উভয় সন্তানের ক্ষেত্রেই স্ব স্ব প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র।
- ০২। উভয় সন্তানের জন্মসনদের সনদের সত্যায়িত কপি।
- ০৩। পিতা-মাতার জন্মসনদের সনদের সত্যায়িত কপি।
- ০৪। পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- ০৫। পিতা/মাতা কর্তৃক সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন এর বিষয়ে লিখিত অঙ্গীকারনামা।

বিঃদ্র: ০৭/০১/২০২৩ খ্রি. তারিখ আবেদনপত্র যাচাই-বাছাই এর সময় সন্তানদ্বয়ের জন্মসনদের মূল কপি ও পিতা-মাতার জন্মসনদ এবং জাতীয় পরিচয়পত্রের মূল কপি সাথে আনতে হবে।

### আবেদনের সময়সীমা :

আগামী ২৯/১২/২০২২ খ্রি. হতে ০৫/০১/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন।

### আবেদন যাচাই-বাছাই :


আগামী ০৭/০১/২০২৩ খ্রি. সকাল ১০.০০ হতে দুপুর ১২.০০ টা

আবেদন যাচাই-বাছাই অন্তে ফলাফল প্রকাশ :

আগামী ০৮/০১/২০২৩খ্রি.

নির্বাচিত প্রার্থীদের ভর্তির তারিখ :

০৯/০১/২০২৩ খ্রি. হতে ১১/০১/২০২৩ খ্রি. তারিখ

  
অধ্যক্ষ

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ  
রাজশাহী।

বরাবর,

অধ্যক্ষ

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ  
রাজশাহী।

বিষয়: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ ঢাকা এর স্মারক নং- ৩৭,০২,০০০০,১০৭,৩১,৩৩৩,২০২১ (অংশ-১), ৩২১৩, তারিখ: ২১/১২/২০২২ খ্রি. এর আলোকে আমার কনিষ্ঠ কন্যা মোসা: মেহেজাবিন আক্তার আয়েশা (MOST MEHEJABIN AKTAR AYESHA) কে সহোদর/সহোদরা কোটায় তৃতীয় শ্রেণিতে ভর্তির জন্য আবেদন প্রসঙ্গে।

মহোদয়,


সবিনয় নিবেদন এই যে, আমার কন্যা মোসা: মেহেজাবিন আক্তার আয়েশা (MOST MEHEJABIN AKTAR AYESHA), ৫২/১, বেতিয়াপাড়া, ডাকঘর: জিপিও-৬০০০, আরসিসি ওয়ার্ড: ০৭, থানা-রাজপাড়া, জেলা-রাজশাহী আপনার স্কুল এন্ড কলেজে ২০২৩ সালে তৃতীয় শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করিয়াছিলাম যার ID No- GVDOQUKUOY কিন্তু লটারীতে নাম না আসায় ভর্তি হওয়ার সুযোগ হইতে বঞ্চিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ ঢাকা এর স্মারক নং- ৩৭,০২,০০০০,১০৭,৩১,৩৩৩,২০২১ (অংশ-১), ৩২১৩, তারিখ: ২১/১২/২০২২ খ্রি. এর আলোকে আপনার প্রতিষ্ঠানে ভর্তির জন্য সহোদর/ সহোদরা কোটায় আমার কন্যা মোসা: মেহেজাবিন আক্তার আয়েশা (MOST MEHEJABIN AKTAR AYESHA) কে প্রার্থী তৃতীয় শ্রেণিতে ভর্তির জন্য আবেদন জানাইতেছি। প্রকাশ থাকে যে, আমার বড় মেয়ে মোসা: মাইশা নাজনীন আপনার প্রতিষ্ঠানে অষ্টম শ্রেণির সুন্দরবন শাখার একজন ছাত্রী। তার ID No-201703056, ক্লাশ রোল-৩৮। এমতাবস্থায় শিক্ষার্থী ভর্তি নীতিমালা ও সূত্র বর্ণিত পত্রের আলোকে সহোদর/সহোদরা কোটায় আমার ছোট মেয়ে ভর্তি হওয়ার হকদার। আমার ছোট মেয়েকে আপনার প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ দিলে দুই বোন একই সাথে স্কুলে যাতায়াত করা সহজতর হইবে।

বিধায় প্রার্থনা উপরোক্ত কারণে বিষয়টি সহানুভূতির সহিত বিবেচনা করিয়া আমার কন্যা মোসা: মেহেজাবিন আক্তার আয়েশা (MOST MEHEJABIN AKTAR AYESHA) কে আপনার প্রতিষ্ঠানে তৃতীয় শ্রেণিতে ভর্তির সুযোগ দিয়া বাধিত করিতে আপনার মর্জি হয়।

সংযুক্তি :

- ১। ভর্তিচ্ছু শিক্ষার্থীর জন্য সনদের কপি।
- ২। পিতা-মাতার জন্ম সনদের ফটোকপি।
- ৩। পিতা-মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
- ৪। প্রত্যয়ন পত্র।
- ৫। অনলাইন আবেদনের কপি।

নিবেদক  
আপনার বিশ্বস্থ,



27/12/22

(মোঃ মামুনুর রশীদ)

৫২/১, বেতিয়াপাড়া,

ডাকঘর: জিপিও-৬০০০, আরসিসি ওয়ার্ড: ০৭,

থানা-রাজপাড়া, জেলা-রাজশাহী।

মোবা: ০১৭১১-৯৪১১৬২